## HELPS TO THE STUDY OF SANSKRIT

(For School Final and Higher Secondary Courses)

## BY JANAKINATH SASTRI SUNIL KUMAR JANA



## Sanskrit Book Depot

28/1, Bidhan Sarani, Kolkata - 700 006

## বিজ্ঞাপন

ইংরেজী ভাষা হইতে সংস্কৃত ভাষায় অনুবাদ, সংস্কৃত-ভাষায় বাক্যরচনা ও সংস্কৃত ব্যাকরণ সহজে শিখাই বার অভিপ্রায়ে কতিপয় প্রবীণ অধ্যাপক ও সংস্কৃতানুরাগী বন্ধুর অনুরোধে সম্পূর্ণ অভিনব প্রণালীতে এই পুস্তকখানি লিখিত হইয়াছিল। যে সকল ছাত্র সংস্কৃত ব্যাকরণের সন্ধি, শব্দরাপ ও ধাতুরাপ সম্বন্ধে সামান্য জ্ঞানলাভ করিয়াছে তাহাদের শিক্ষণীয় বিষয়সমূহ হইতে আরম্ভ করিয়া বি.এ পরীক্ষার্থী ছাত্রগণের শিক্ষণীয় জটিলতম নিয়মগুলি পর্যন্ত এই পুস্তকে অতি সরল ভাষায় ব্যাখ্যা করিয়া দেওয়া হইয়াছে। ভগবংকৃপায় সমগ্র বঙ্গদেশ ও আসামের বহু গুণগ্রাহী অংগ্যাপক এই পুস্তকে অবলম্বিত শিক্ষাদানপ্রণালীর নৃতনত্ব ও কার্যকারিতার সম্যক উপলব্ধি করিয়াছেন। উক্ত অধ্যাপকগণের মধ্যে কেহ কেহ পুস্তকখানির অংশবিশেষ পরিবর্ধনের জন্যও আমাদিগকে অনুরোধ করিয়াছিলেন। সেই সকল অনুরোধ যথাসম্ভব রক্ষা করা এবং পুস্তকের আদ্যোপাস্ত অনুশীলনের প্রশ্নাবলী কাঠিন্যের ক্রম অনুসারে সম্পূর্ণ নৃতনভাবে সজ্জিত করা হইয়াছে। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্বদের নৃতন পাঠ্যসূচি অনুসারে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার পাঠ্য বিষয়সমূহ**ও এই সংস্করণে সংযোজিত হইয়াছে। এক্ষণে ইহা** অধ্যাপক ও ছাত্রমগুলীর নিকট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় প্রকার পরীক্ষার্থীর পক্ষেই উপযোগী বলিয়া বিবেচিত হইলে এতাদৃশ পরিশ্রম ও ক্লেশ স্বীকার সার্থক ইইবে। যে সকল সহাদয় ও হিতৈষী বন্ধুর সহায়তায় এই পুস্তক ছাত্রসমাজে সমাদর লাভ করিয়াছে, সাধারণভাবে তাঁহাদের সকলের নিকট আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

> কল্লিকাতা ১৩৭১

শ্রীজানকীনাথ শাস্ত্রী